

প্রথম আদ্যো

১৫ কোটি টাকার স্টুডেন্ট অ্যাসিস্টেন্ট ফান্ড গঠন করল ব্র্যাক বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

০২ জুন ২০২০, ১৮:০০



করোনা মহামারিতে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় সামার-২০২০ সেমিস্টারে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের জন্য ১৫ কোটি টাকার (১.৮ মিলিয়ন মার্কিন ডলার) 'স্টুডেন্ট অ্যাসিস্টেন্ট ফান্ড' গঠন করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। নবগঠিত এই তহবিল সেমিস্টারের মোট টিউশন এবং ফি-এর প্রায় ২৫ শতাংশ।

কোভিড-১৯ এর কারণে চলমান অচলাবস্থায় ক্ষতিগ্রস্ত, তুলনামূলক সুবিধাবঞ্চিত ও দুস্থ শিক্ষার্থীদের কল্যাণে এই অর্থ ব্যয়ের ঘোষণা দিয়েছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ভিনসেন্ট চ্যাং। বিশ্ববিদ্যালয়কে আরো শিক্ষার্থীবান্ধব হিসেবে গড়ে তোলার প্রতিশ্রুতি পূরণে অধ্যাপক চ্যাং-এর আরেকটি প্রয়াস এই তহবিল।

চারভাবে স্টুডেন্ট অ্যাসিস্টেন্ট ফান্ডের সুবিধা ভোগ করবেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। প্রথমত, সকল প্রকার নন-টিউশন ফি মওকুফ করা হবে। দ্বিতীয়ত, যথাসম্ভব অধিক সংখ্যক শিক্ষার্থীকে ইনস্টলম্যান্ট প্লানে অন্তর্ভুক্ত করা হবে। তৃতীয়ত, চলমান অস্থিরতায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের চাহিদা মোতাবেক অর্থসহায়তা করা হবে। চতুর্থত, যাদের ইন্টারনেট সংযোগ নেই বা দুর্বল ইন্টারনেট সংযোগ রয়েছে সে সকল শিক্ষার্থীদের উন্নতমানের ইন্টারনেট সুবিধা নিশ্চিত করতে সহায়তা করা হবে।

এ ছাড়া পূর্বের চাহিদাভিত্তিক ও মেধাভিত্তিক স্কলারশিপ চালু থাকবে। ব্র্যাক ইউনিভার্সিটির সকল শিক্ষার্থী যাতে এই তহবিলের সুবিধা লাভ করতে পারেন সেটা নিশ্চিত জোর দিয়েছেন উপাচার্য ভিনসেন্ট চ্যাং। বিজ্ঞপ্তি

